যুগান্তর

তারিখ 24 JAN 2007
পৃষ্ঠা ৩ কলাম ৩

# শুক্রবার ঢাবিতে ভর্তিযুদ্ধ শুরু

## প্রতি আসনে প্রার্থী ২৪

মুসতাক আহমদ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুক্রবার শুরু হচ্ছে। এবার ৪ হাজার ৫৮৪ আসনের বিপরীতে সর্বমোট ১ লাখ ৯ হাজার ২৭০ জন শিক্ষার্থী মেধার প্রতিযোগিতায় অংশ নিচ্ছে। গড়ে প্রতি আসনের জন্য ভর্তিযুদ্ধে লিপ্ত হবে প্রায় ২৪ জন। প্রথম দিন বিজ্ঞান, জীববিজ্ঞান ও ফার্মাসি অনুষদের 'ক' ইউনিটের পরীক্ষা হবে। ইতিমধ্যে এ পরীক্ষার আসন ব্যবস্থা প্রকাশ করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, 'ক' ইউনিটে এবার মোট ১ হাজার ৩৪৮ জন শিক্ষার্থী ভর্তি করা হবে। আর এর বিপরীতে পরীক্ষায় অংশ নিচ্ছে ২৫ হাজার ১৬৭ জন। এছাড়া 'খ' ইউনিটের ২ হাজার ৩৮৬টি আসনের জন্য ২০ হাজার ৯৫৫, 'গ' ইউনিটে ৮৫০টি আসনের জন্য ২৫ হাজার ৮শ' এবং 'ঘ' ইউনিটের ৪৫০টি আসনের জন্য ৩৭ হাজার ৩৪৮ প্রার্থী পরীক্ষা দেবে। সে হিসাবে ভর্তির জন্য তীব্র লড়াই হবে 'ঘ' ইউনিটের পরীক্ষায়। প্রতি আসনের জন্য ভর্তিযুদ্ধে অবতীর্ণ হবে প্রায় ৮৯ জন। এছাড়া 'ক' ইউনিটের গড় প্রতিদ্বন্দ্বী প্রায় ১৯, 'গ' ইউনিটে ৩১ জন। সবচেয়ে কম প্রতিদ্বন্দ্বিতা হবে 'খ' ইউনিটে প্রতি আসনের জন্য মাত্র ৯ জন। গতবছর বিভাগ পরিবর্তনকারী 'ঘ' ইউনিটে আবেদন করেছিল মাত্র ৩৪ হাজার ৩৪৭ জন। এছাড়া 'ক' ইউনিটে ২৫ হাজার ৭৮৪ জন, 'গ' ইউনিটে ২৪ হাজার এবং 'খ' ইউনিটে ১৬ হাজার ৮৭৮ জন আবেদন করেছিল।

এবার প্রতি বিভাগে মুক্তিযোদ্ধা, ওয়ার্ডসহ বিভিন্ন কোটায় ২ জন করে ভর্তি করা হবে। নির্ধারিত আসনের বাইরে কোটার সংখ্যা রয়েছে বলে জানা যায়। সে হিসাবে ২০০৬-২০০৭ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মোট ৪ হাজার ৬৯০ জন ভর্তি করা হবে।

### ১৫২৪টি আবেদন বাতিল

'ঘ' ইউনিটের মাধ্যমে আবেদনকারী ৩৭ হাজার ৩৪৮টি আবেদনের মধ্যে ১ হাজার ৫২৪টি আবেদন বাতিল করা হয়েছে। এরা ভর্তি পরীক্ষা দিতে পারবে না। ডিন অফিস সূত্রে জানা যায়, প্রয়োজনীয় সংখ্যক জিপিএ এবং বাংলা-ইংরেজিতে চাহিদা অনুযায়ী জিপিএ'র শর্ত পূরণ না করায় এদের আবেদন বাতিল করা হয়েছে। বাতিলকৃত আবেদনগুলোর ক্রমিক নম্বর ডিন অফিসের সামনে টানিয়ে দেয়া হয়েছে।

### কোন বিভাগে কতজন ভর্তি করা হবে

প্রশাসনিক ভবন সূত্র জানায়, নতুন দুটি বিভাগ বিশ্বধর্মতত্ত্ব এবং ব্যাংকিং ও ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমসহ এবার মোট ৫৩টি বিভাগ ও ইন্সটিটিউটে ৪ হাজার ৫৮৪ জনকে ভর্তি করা হবে। এগুলোর মধ্যে রয়েছে— বাংলায় ১৩২, ইংরেজি ১৩২, আরবি ১১০, সংস্কৃত ও পালি ৭৩ (৫৫+১৮), উর্দু ও ফার্সি ৫৬, ইসলামী শিক্ষা ১১০, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১১০, ইতিহাস ১৩৮, দর্শন ১৬৫, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা ৫৫, নাট্যকলা ও সঙ্গীত ৩০, ভাষাতত্ত্ব ২০ এবং বিশ্বধর্মতত্ত্ব ৫০ জন। সামাজিক বিজ্ঞান অনুষদে

ভর্তিযুদ্ধ : পৃষ্ঠা ২ : কলাম ৭

## ভর্তিযুদ্ধ : শুক্রবার

(৩য় পৃষ্ঠার পর)

মোট ১৩৫৫ জন ভর্তি করা হবে। এগুলোর মধ্যে রাষ্ট্রবিজ্ঞানে ২২০, সমাজবিজ্ঞানে ২২০, নৃ-বিজ্ঞানে ৫৫, অর্থনীতিতে ১৩৮, আন্তর্জাতিক সম্পর্কে ১১০, গণযোগাযোগ ও সাংবাদিকতায় ৬৬, লোক প্রশাসনে ১৩৮, সমাজকল্যাণে ৮৩, শান্তি ও সংঘর্ষ অধ্যয়নে ১০ এবং উইমেন স্টাডিজে ১৫ জন। আইন বিভাগে ১৫০ জনকে ভর্তি করা হবে। বিজ্ঞান অনুষদের গণিতে ১৩০, পদার্থবিজ্ঞানে ১৪০, ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক্সে ৭০, রসায়নে ৯০, ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তিতে ৬০, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিংয়ে ৬০, ভূগোল ও পরিবেশে ১০০, ভূতত্ত্বে ৫০, পরিসংখ্যানে ৮৮, ফলিত পরিসংখ্যানে ৫০ জন। জীববিজ্ঞান অনুষদের অনুজীব বিজ্ঞানে ৩০, উদ্ভিদ বিজ্ঞানে ৭৫, প্রাণরসায়ন ও মলিকুলার বায়োলজিতে ৫৫, প্রাণিবিদ্যায় ৮০, মনোবিজ্ঞানে ৮০, মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগে ৭৫, খাদ্য ও পুষ্টিবিজ্ঞানে ২৫, মৎস্যবিজ্ঞানে ২০, জেনেটিক ইঞ্জিনিয়ারিংয়ে ১০ এবং ফার্মাসিতে ৬০ জন। বিজনেস স্টাডিজ অনুষদের বিজনেস স্টাডিজ, ম্যানেজমেন্ট স্টাডিজ, ফিন্যান্স ও মার্কেটিংয়ের প্রত্যেক বিভাগে ১৭৫ জন করে এবং ব্যাংকিংয়ে ৮৭ ও ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমে ৬৩ জন ভর্তি করা হবে।

### ভর্তি পরীক্ষা ও নিয়মাবলী

ভর্তি পরীক্ষা শুক্রবার শুরু হবে 'ক' ইউনিটের মাধ্যমে। এছাড়া ২ ফেব্রুয়ারি 'খ', ৯ ফেব্রুয়ারি 'ঘ' এবং ১৬ ফেব্রুয়ারি 'গ' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'ক' ইউনিটের পরীক্ষার সময় পৌনে ২ ঘণ্টা। এবার প্রত্যেক ইউনিটের পরীক্ষায় প্রশ্ন থাকবে ১২০টি করে। অন্য তিনটি বিভাগের পরীক্ষার সময় ১ ঘণ্টা। ভুল উত্তরের জন্য নম্বর কাটা হবে। এক্ষেত্রে এমসিকিউর পাঁচটি অপশনের ক্ষেত্রে একটি প্রশ্নের মানের এক-পঞ্চমাংশ এবং চারটি অপশনের ক্ষেত্রে এক-চতুর্থাংশ নম্বর কাটা হবে। পরীক্ষা অনুষ্ঠানের ১৫ দিনের মধ্যে ফলাফল প্রকাশ করতে হবে। ভর্তি পরীক্ষায় নম্বর নির্ধারণ করা হয়েছে ১২০। ৪৮ প্রাপ্তরা উত্তীর্ণ বলে বিবেচিত। ২০০ নম্বরের মধ্যে মেধাতালিকা প্রণীত হবে। এসএসসি ১৫ ভাগ ও এইচএসসিতে ২৫ ভাগ এবং ভর্তি পরীক্ষায় ৬০ ভাগ ধরে মেধাতালিকা প্রণীত হবে। ইন্টারনেট চার্জ বাবদ প্রত্যেক ছাত্রের কাছ থেকে এবার আড়াইশ' টাকা করে নেয়া হবে।

### 'ক' ইউনিটের আসন ব্যবস্থা

কার্জন হল এলাকার বিভিন্ন বিভাগ ও পরীক্ষার হলে রোল নম্বর ৬০০০১-৬৩২৫৬, বিজ্ঞান লাইব্রেরি, মোকাররম হোসেন ভবন এলাকার বিভিন্ন ভবনে ৬৩২৫৭-৬৪২৯৬, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইন্সটিটিউটে ৬৪২৯৭-৬৪৪৭৫, তথ্যপ্রযুক্তি ইন্সটিটিউটে ৬৪৪৭৬-৬৪৫৪৮, সায়েন্স এনেক্স ভবনের বিভিন্ন বিভাগে ৬৪৫৪৯-৬৫৯৬২, পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইন্সটিটিউটে ৬৫৯৬৩-৬৬১৬৯, চারুকলা ইন্সটিটিউটে ৬৬১৭০-৬৬৩২৮, আইবিএ ভবনে ৬৬৩২৯-৬৬৯২০, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরিতে ৬৬৯২১-৬৭৪৯৬, আধুনিক ভাষা ইন্সটিটিউটে ৬৭৪৯৭-৬৭৮০১, কলাভবনে ৬৭৮০২-৭০৯১৮, লেকচার থিয়েটারে ৭০৯১৯-৭১৬৪৩, বিজনেস স্টাডিজ অনুষদের বিভিন্ন ভবনে ৭১৬৪৪-৭৪৩৮১, শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটে ৭৪৩৮২-৭৫০৫৩, নীলক্ষেত হাইস্কুলে ৭৫০৫৪-৭৫৫২৮, ইউনিভার্সিটি ল্যাবরেটরি হাইস্কুলে ৭৫৫২৯-৭৬২২২, উদয়ন বিদ্যালয়ে ৭৬২২৩-৭৭২৪৬, ইঞ্জিনিয়ারিং উচ্চ বিদ্যালয়ে ৭৭২৪৭-৭৮৩০৫, সমাজকল্যাণ ও গবেষণা ইন্সটিটিউটে ৭৮৩০৬-৭৮৭৩৫, গার্হস্থ্য অর্থনীতি কলেজে ৭৮৭৩৬-৮০২৭৪, আজিমপুর গার্লস স্কুল এন্ড কলেজে ৮০২৭৫-৮১৫১৮, অগ্রণী স্কুল এন্ড কলেজে ৮১৫১৯-৮২১৭১, শেখ বোরহানউদ্দিন পোস্ট গ্রাজুয়েট কলেজে ৮২১৭২-৮৩৫১৩, আইডিয়াল কলেজে (সেন্ট্রাল রোড) ৮৩৫১৪-৮৫৯৯৯ পর্যন্ত শিক্ষার্থীদের আসন ব্যবস্থা করা হয়েছে। এছাড়া ওয়েবসাইটেও (www.univdhaka.edu/kaunit) আসন ব্যবস্থা পাওয়া যাবে।